দৈনিক সংবাদ 34

তারিখ 02 SEP 199
পৃষ্ঠা ১ কলাম ১

# ইডেন কলেজের ছাত্রী ধর্ষণ, ঢাঃ বিঃ কোয়ার্টার থেকে ২ জন গ্রেফতার

নারায়ণগঞ্জ প্রতিনিধি ঃ ইডেন কলেজের ব্যবস্থাপনা বিভাগের এক ছাত্রীকে (২৩) ধর্ষণের অভিযোগে সিদ্ধিরগঞ্জ থানা পুলিশ নীলক্ষেত ঢাকা বিশ্ববিদ্যালয় কোয়ার্টার থেকে মাহাবুবুল আলম (২৮) ও মিলি বেগম (২৬)কে গত সোমবার রাতে

ছাত্রী ঃ পৃঃ ১১ কঃ ৩

## ছাত্রী ঃ ধর্ষণ

( ১ম পৃষ্ঠার পর )

গ্রেফতার করেছে।

পুলিশ সূত্র জানায়, গত ২৩শে আগস্ট ঐ ছাত্রীকে ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকা থেকে তার বান্ধবী নিজের বাসায় নিয়ে যায়। এর কয়েকদিন আগে ঐ ছাত্রীর সঙ্গে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কর্মচারী হাবিবুল্লাহর ছেলে ডলার ব্যবসায়ী ইকরাম উল্লাহ বাবুলের সাথে পরিচয় হয়। বান্ধবীর বাসা থেকে উক্ত ছাত্রীকে ইকরামউল্লাহ বাবুল বিয়ের প্রলোভন দিয়ে সিদ্ধিরগঞ্জের মিজমিজিতে শাহজাহানের বাড়িতে আনে। এক পর্যায়ে ধর্ষণ করে। পরে তাকে ঢাকার খিলগাঁয়ে নিয়েও বিয়ের প্রলোভন দেখিয়ে ধর্ষণ করে ও পরে ২৭শে আগস্ট শ্বশুরবাড়িতে নেয়ার কথা বলে ঢাকা–নারায়ণগঞ্জ লিংক রোডের সিদ্ধিরগঞ্জ অংশে ফেলে রেখে যায়। স্থানীয় লোকজন তাকে উদ্ধার করে ও তার বক্তব্য অনুযায়ী বাবুলের আত্মীয়স্বজনের মাধ্যমে বিয়ের জন্য চাপ সৃষ্টি করে। ফলে ৪ জন যুবক বাবুলের মামাতো ভাই পরিচয় দিয়ে উক্ত ছাত্রীকে নিয়ে যায় এবং ঢাকার হাটখোলার রাজধানী সুপার মার্কেটে আটকে রাখে। ঐ ছাত্রী মার্কেট থেকে পালিয়ে ২৯শে আগস্ট ডিএমপি'র ডিসি (সাউথ)–এর অফিসে যায় এবং ঘটনা জানায়। ডিসি (সাউথ) ছাত্রীকে রমনা থানায় পাঠান। রমনা থানা নানা টালবাহানা করে তাকে ফেরত দেয় মামলা না গ্রহণ করেই। আবার সে ৩০শে আগস্ট রমনা থানায় যায় কিন্তু এবারও রমনা থানা মামলা গ্রহণে অস্বীকৃতি জানায়। তাকে ফতুল্লা থানায় যেতে বলে। ৩১শে আগস্ট ফতুল্লা থানায় আসলে ফতুল্লা থানা প্রাথমিক তদন্তশেষে ঘটনাটি সিদ্ধিরগঞ্জ থানা হওয়ায় সিদ্ধিরগঞ্জ থানায় অভিযোগ দায়েরের ব্যবস্থা করে। সিদ্ধিরগঞ্জ থানায় মামলা দায়েরের পর পুলিশ ধর্ষণে সহায়তার অভিযোগে উক্ত দু'জনকে গ্রেফতার করে।